

KNOW YOUR RIGHTS*Responding to Hate Crimes*

একটি পক্ষপাতমূলক অপরাধ বা পক্ষপাতমূলক ঘটনা ঘটার পর কী করণীয়:

- আপনাকে যদি আক্রমণ করা বা হুমকি দেয়া হয়, দ্রুত ৯১১ এ ফোন করুন।
- মেডিক্যাল এবং মানসিক স্বাস্থ্যসেবার অনুসন্ধান করুন। আপনার দ্বারা গৃহীত যেকোনো স্বাস্থ্যসেবার সাথে জড়িত কাগজপত্র আপনার সাথে রাখুন।
- ঘটনাটির বিস্তারিত লিখে রাখুন। কী ঘটেছে এবং কী ভাষা ব্যবহৃত হয়েছে লিখে রাখুন, আর সম্ভব হলে ছবি তুলে রাখুন।
- আপনি যদি দ্রুত ব্যবস্থা নিতে হবে এমন পরিস্থিতিতে না থাকেন, এবং আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস নিয়ে শঙ্কিত থাকেন, অনুগ্রহ করে একজন ইমিগ্রেশন উকিলের সাথে যোগাযোগ করে তাঁর কাছ থেকে পরামর্শ নিন যে আপনার ইমিগ্রেশন কেসের সাথে রিপোর্ট করার ব্যাপারটি কিভাবে জড়িত।
- রিপোর্ট করুন। ঘটনাটি জানানোর জন্য, এবং অন্য কেউ যেন এমন আরও হয়রানির শিকার না হয় তা নিশ্চিত করার জন্য, সিএআইআর-এর কাছে রিপোর্ট করুন।



এই তথ্য আইনি পরামর্শ বিবেচনা করা উচিত নয়।

KNOW YOUR RIGHTS*Responding to Hate Crimes*

WWW.CAIR.COM



Council on American-Islamic Relations

পক্ষপাতমূলক অপরাধ এবং পক্ষপাতমূলক ঘটনার প্রেক্ষিতে কিভাবে প্রতিক্রিয়া দেখানো যায়

- + পক্ষপাতমূলক অপরাধ হলো একজন ব্যক্তি বা কোন সম্পত্তির বিরুদ্ধে ঘটা এমন একটি ঘটনা যা ক্ষতিগ্রস্ত ব্যক্তির জাতি, ধর্ম, জাতিগত উৎপত্তি, ঐতিহ্য, লিঙ্গ, প্রতিবন্ধিত্ব, এবং কিছু ক্ষেত্রে, যৌন প্রবৃত্তি এবং লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি দ্বারা পুরোপুরি বা আংশিকভাবে নিয়ন্ত্রিত হয়। এধরনের ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তির উপর শারীরিক নির্যাতন, মৌখিক আক্রমণ, বা তাঁর সম্পদের উপর আক্রমণ হতে পারে।
- + যদি আপনি কোন ব্যক্তিকে মৌখিক হয়রানির সম্মুখীন হতে দেখেন, সেক্ষেত্রে অপরাধীর মুখোমুখি হবেন না। তার বদলে, ক্ষতিগ্রস্ত ব্যক্তির সাথে স্বাভাবিকভাবে যে কোন বিষয় নিয়ে কথা বলতে শুরু করুন এবং অপরাধীকে উপেক্ষা করুন। কথোপকথন চালিয়ে যান এবং একটি নিরাপদ স্থান তৈরী করুন যতক্ষণ পর্যন্ত না অপরাধী চলে যায়। প্রয়োজন হলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে একটি নিরাপদ স্থানে সরিয়ে নিন।

একটি পক্ষপাতমূলক অপরাধ বা পক্ষপাতমূলক ঘটনা ঘটার পর কী করণীয়:

- + আপনাকে যদি আক্রমণ করা বা হুমকি দেয়া হয়, দ্রুত ৯১১ এ ফোন করুন।
- + মেডিক্যাল এবং মানসিক স্বাস্থ্যসেবার অনুসন্ধান করুন। আপনার দ্বারা গৃহীত যেকোনো স্বাস্থ্যসেবার সাথে জড়িত কাগজপত্র আপনার সাথে রাখুন।
- + ঘটনাটির বিস্তারিত লিখে রাখুন। কী ঘটেছে এবং কী ভাষা ব্যবহৃত হয়েছে তা লিখে রাখুন, আর সম্ভব হলে ছবি তুলে রাখুন।
- + রিপোর্ট করুন। ঘটনাটি জানানোর জন্য, এবং অন্য কেউ যেন এমন আরও হয়রানির শিকার না হয় তা নিশ্চিত করার জন্য, সিএআইআর-তে রিপোর্ট করুন।
- + আপনি যদি দ্রুত ব্যবস্থা নিতে হবে এমন পরিস্থিতিতে না থাকেন, এবং আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস নিয়ে শঙ্কিত থাকেন, অনুগ্রহ করে একজন ইমিগ্রেশন উকিলের সাথে যোগাযোগ করে তাঁর কাছ থেকে পরামর্শ নিন যে আপনার ইমিগ্রেশন কেসের সাথে রিপোর্ট করার ব্যাপারটি কিভাবে জড়িত।

